# আপনি কিনেও সাজতে পারেন ভারতীয় সেনা!

**ব্রতদীপ ভট্টাচার্য ● বারাসত**

আট মাসের ব্যবধানে পর পর দুটি বড়সড় জঙ্গি হামলা। দুটিই সেনা ঘাঁটিতে। প্রথমে পাঠানকোট, এবার উরি। দুটি হামলাতে জঙ্গিদের রণনীতি ভিন্ন হলেও একটি বিষয়ে মিল আছে। সেটি হল, দুই ক্ষেত্রেই জঙ্গিরা ভারতীয় সেনার উর্দি পরে হামলা চালায়।

ভারতীয় সেনার ইউনিফর্ম থাকায় সেনাঘাঁটির কড়া নিরাপত্তার বলয় পার করে অবাধে ঢুকে হামলা চালাতে সক্ষম হয় জঙ্গিরা। রবিবারের এই হামলা ফের একবার পাঠানকোটের হামলার থেকে উঠে আসা প্রশ্নটিকে আবার উসকে দিল। ভারতীয় সেনার উর্দি কীভাবে গেল জঙ্গিদের হাতে? তবে তা কী কোনও কঠিন ব্যাপার। কারণ এদেশে টাকা দিলেই তো পাওয়া যায় সেনা জওয়ানের পোশাক। পাঞ্জাব, রাজস্থান অথবা পশ্চিমবঙ্গ, দেশের প্রায় প্রত্যেকটি রাজ্যেই অবাধে বিকোচ্ছে সেনা জওয়ানের পোশাক। টুপি থেকে বুট, দু'হাজর টাকায় পাওয়া পুরো ইউনিফর্মের সেট।

যে দোকানে সেনা জওয়ানদের পোশাক তৈরি হয় সেখানেই পাওয়া যায় গোটা ইউনিফর্ম। উত্তর ২৪ পরগনার বারাকপুরের ক্যান্টনমেন্ট এলাকার একটি দোকানে খোঁজ নিয়ে জানা যায়, ১৫০ টাকা থেকে ১৮০টাকা মিটার দামের কাপড় পাওয়া যায়। সেই কাপড় যে কেউ কিনে নিয়ে যেতে পারেন। তা ছাড়াও ওই দোকানে আস্ত পোশাক তৈরি করে দেওয়ারও ব্যবস্থা আছে। সেনার প্যান্ট তৈরি করতে খরচ ৬০০ টাকা। জমা তৈরি করতে লাগে ৭০০ টাকা। এছাড়া জামায় নেম প্লেট, সেনার লোগো বসাতে আলাদা আলাদা টাকা লাগে। ৬০০ থেকে ৬৫০ টাকায় পাওয়া যায় সেনা জওয়ানের জুতো। আর বাকি টুপি, বেল্ট এই সব নিয়ে প্রায় ৩০০ টাকা। মোট দুই হাজার টাকায় তৈরি পুরো ইউনিফর্ম। পাঠানকোটের ঘটনার পর কয়েকদিন সেনা পোশাক বিক্রি নিয়ে কড়াকড়ি শুরু হয়। তবে সময়ের সঙ্গে কমেছে নজরদারি আর ফের শুরু হয়ে গিয়েছে সেনার পোশাক বিক্রি। শুধু সেনার পোশাক তৈরির দোকানে নয়, বিভিন্ন বস্ত্র বিপণিতেও বিক্রি হচ্ছে সেনা পোশাকের কাপড়। নৈহাটি স্টেশন সংলগ্ন বাজারে একাধিক বস্ত্র বিপণিতে বিক্রি হচ্ছে এই কাপড়। সেই কাপড় কিনে পুরো পোশাক তৈরি করা কোনও কঠিন কাজ নয়। রাজ্যের সীমান্ত লাগোয়া জেলাগুলিতে এইভাবেই চলছে পোশাক বিক্রির ব্যবসা। এছাড়া কলকাতার বিভিন্ন দোকানেও একইভাবে বিক্রি হচ্ছে সেনা জওয়ানদের পোশাক। তবে শুধু এরাজ্যে নয়, ভীন রাজ্যেও অবাধেই চলছে এই কাজ।

রাজস্থানের জয়সলমেঢ়ে সোনার কেল্লা যাওয়ার পথে রাস্তার দুধারে সারি সারি দোকান আর সেখানে ঝুলছে আস্ত ইউনিফর্মের সেট। দাম কমবেশি এ রাজ্যের মতোই।

কয়েকমাস আগে উত্তর ২৪ পরগনার বনগাঁ এলাকায় এক সন্দেহভাজনকে গ্রেফতার করে জেলা পুলিশ। অবাকভাবে সেই সন্দেহভাজনের কাছ থেকেও উদ্ধার হয় দুই জোড়া সেনা পোশাক। তদন্তে জানা যায়, মায়ানমার থেকে বংলাদেশের পথে এদেশে অনুপ্রবেশ করেছিল সে। তবে এই সন্দেহভাজনের কী অভিসন্ধি ছিল তা এখনও জানা যায়নি। বার-বার এই সেনা পোষাক পড়েই নিরাপত্তা রক্ষীদের চোখে ধুলো দিয়ে ঢুকে পড়ছে জঙ্গিরা। তবে তা সত্ত্বেও হেলদোল নেই সরকারের। পাঠানকোট হামলার পর সেনা পোশাক সাধারণের কাছে বিক্রি নিষিদ্ধ ঘোষণা করলেও কার্যত সেই নিষেধাজ্ঞাকে বুড়ো আঙুল দেখিয়েই চলছে বিক্রি।

**বজ্রপাতে মৃত্যু যুবকের :** বাজ পড়ে মৃত্যু হল এক যুবকের। শুক্রবার দুপুরে সন্দেশখালি থানার কালীনগর অঞ্চলের ঘোষপুর গ্রামে এই ঘটনাটি ঘটেছে। মৃত যুবকের নাম কাঙাল দাস (২২)। ঘোষপুর গ্রামেই তার বাড়ি। এদিন দুপুরে প্রচন্ড ঝড়-বৃষ্টি হচ্ছিল। সেই সময় বাড়ির বারান্দায় বসে মোবাইল ফোনে কথা বলছিলেন ওই যুবক। তখনই বাজ পড়ে গুরুতর জখম হন তিনি। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই তাঁর মৃত্যু হয়।


**PUBLIC SERVICE COMMISSION, WEST BENGAL**
161-A, S. P. Mukherjee Road, Kolkata- 700 026
**IMPORTANT ANNOUNCEMENT**
**Schedule for Commission's forthcoming Interview :**

| Sl. No. | Advertisement No. | Name of the Post | Dates of Interview |
|---|---|---|---|
| 1. | 18(1g)/2015 | Post Graduate Assistant Teacher in History (Eng, Med.) in the Eklabya Model Residential School under the Tribal Development Dept., Govt. of W.B | 27th September, 2016 |
| 2. | 18(1d)/2015 | Post Graduate Assistant Teacher in Political Science (Eng. Med.) in the Eklabya Model Residential School under the Tribal Development Deptt., Govt. of W.B | 27th September, 2016 |
| 3. | 10(8)/2015 | Assistant Purchase Officer in the WBGS under the Animal Resources Development Department., Govt. of W.B | 27th September, 2016 |
| 4. | 1(4)/2016 | Adviser on Mountaineering in the Directorate of Youth Services under the Deptt. of Youth Services, Govt. of W.B. | 27th September, 2016 |

The Commission will take interview for rectt. to the aforesaid posts.Lists of eligible candidates are being kept in the **Commission's Enquiry counter** and displayed in the **Commission's Websites** at **http://www.pscwb.org.in** and **http://www.pscwbonline.gov.in** for information to all concerned. Candidates are requested to download their respective call letters for the above mentioned interview form Commission's website at **http://www.pscwbonline.gov.in** on and from **23.09.2016**.

ICA-1085(6)/2016



নগদ অর্থের বিনিময়ে পুরাতন সোনা ও রূপা কেনা হয়।
আদ্যামা গোল্ড জুয়েলারী
গড়িয়াহাট : 97480 99497
কালীঘাট : 97486 92814
ভবানীপুর : 70442 84756
হাতিবাগান : 90731 38020
web: www.adyamagold.com


## পিজিতে আতঙ্ক

**স্টাফ রিপোর্টার :** ফের আগুন-আতঙ্ক ছড়াল পিজি (এসএসকেএম) হাসপাতালে। শুক্রবার দুপুর বারোটা বারো মিনিট নাগাদ চক্ষু বিভাগ লাগোয়া একটি ট্রান্সফর্মার থেকে ধোঁয়া বেরোতে দেখা যায়। সঙ্গে সঙ্গে আতঙ্ক ছড়িয়ে পরে রোগীদের মধ্যে। চক্ষু বিভাগের রোগীদের একাংশ ছোটাছুটি করতে শুরু করেন। পুলিশ জানিয়েছে, হাসপাতালের কর্মীরাই অগ্নিনির্বাপণ যন্ত্রের সাহায্যে আগুন নিভিয়ে ফেলেন।



রাজডাঙার মায়া আর্ট স্পেসে শুরু হল 'ট্রান্সপারেন্ট ওয়াটার কালার' শীর্ষক চিত্র প্রদর্শনী। উদ্বোধনের পর গ্যালারিতে ছবি দেখছেন দুই শিল্পী গণেশ হালুই ও বিমল কুণ্ডু। ছিলেন আর্ট সেন্টারের কর্ণধার মধুছন্দা সেন। — অরিজিৎ সাহা

## বন্দর পথে চাপ কমাতে পার্কিং লট

**স্টাফ রিপোর্টার :** বন্দর এলাকার রাস্তাগুলির উপর চাপ কমাতে ৮ কোটি টাকা ব্যয়ে নতুন পার্কিং লট তৈরি করছে কলকাতা বন্দর কর্তৃপক্ষ। নতুন এই পার্কিং লটে বাড়তি ২৪০টি মালবাহী ট্রেলার ও ট্রাক রাখা যাবে বলে জানিয়েছে বন্দর কর্তৃপক্ষ। একইসঙ্গে বন্দর এলাকার রাস্তাঘাট মেরামতিতেও ১৫.৮৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বন্দর কর্তৃপক্ষের দেওয়া হিসাব অনুযায়ী এর মধ্যে ১৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে সোনাই রোড, সোনারপুর রোড ও কোল ডক রোডের সংস্কারে। এজন্য দ্রুত টেন্ডার ডাকা হচ্ছে। অন্যান্য রাস্তাগুলির সারাইয়ে বরাদ্দ হয়েছে ৮৮ লক্ষ টাকা। সেই কাজ শুরু হয়ে গিয়েছে এবং পুজোর আগেই কাজ শেষ হবে বলে জানিয়েছে বন্দর কর্তৃপক্ষ।

পাশাপাশি বন্দর এলাকায় দিনের বেলা পণ্যবাহী ট্রাক চলাচলের উপর পুলিশ যে নিষেধাজ্ঞা আরোপ করেছে, তা নিয়েই রাজ্য প্রশাসনের সঙ্গে যোগাযোগ করেছে বন্দর কর্তৃপক্ষ। এলাকায় তীব্র যানজট কমাতে অতি সম্প্রতি দিনের বেলা ট্রাক চলাচলের উপর এই নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা পুলিশ। বন্দর কর্তৃপক্ষের বক্তব্য, এই নিষেধাজ্ঞায় একদিকে যেমন বন্দরের ব্যবসা মার খাচ্ছে, তেমনই সমস্যায় পড়তে হয়েছে এখানকার বিভিন্ন কল কারখানাগুলিকে। বিষয়টি দেখার জন্য বন্দর চেয়ারম্যান এম টি কৃষ্ণ বাবু নিজেই চিঠি দিয়েছেন রাজ্যের মুখ্যসচিব বাসুদেব বন্দ্যোপাধ্যায়কে।

বন্দর এলাকার রাস্তাঘাটের শোচনীয় অবস্থা নিয়ে সম্প্রতি বিধানসভা ভবনে সংশ্লিষ্ট সব পক্ষকে নিয়ে বৈঠক করেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠকের সিদ্ধান্তের ভিত্তিতে নতুন পার্কিং লট খুঁজতে নিজেই রাস্তায় নামেন বন্দর চেয়ারম্যান। শেষ পর্যনন্ত খিদিরপুরের ভূতঘাট ও সোনাইয়ের কাছে ২০, ৮৭০ বর্গ মিটার আয়তনের একটি জমি নির্দিষ্ট করা হয়। সেই জমিতেই পার্কিং লট তৈরির কাজ শুরুর জন্য টেন্ডার ডাকার প্রস্তুতি শুরু হয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, চার মাসের মধ্যে পার্কিং লটটি তৈরির কাজ শেষের লক্ষমাত্রা রাখা হয়েছে। কাজ শেষ হলে সব মিলিয়ে ৬০০টি ট্রাক রাখার মতো জায়গা থাকবে বন্দরের হাতে।

রাস্তা সারাই নিয়ে বন্দর কর্তৃপক্ষের বক্তব্য, গত বছরই তারা সার্কুলার গার্ডেনরিচ রোড, হাইড রোড ও তারাতলা রোডের সংস্কারের কাজ শেষ করেছিল। কিন্তু পুরসভা ঠিকমতো রক্ষণাবেক্ষণ ও নিকাশির ব্যবস্থা না করায় সেই রাস্তা আবার ব্যবহারের অযোগ্য হয়ে পড়ে। এক্ষেত্রে বন্দরকে দোষারোপ অনুচিত।

## লিলুয়ায় কারখানা মালিক খুনে ধৃত ২

**স্টাফ রিপোর্টার, হাওড়া :** লিলুয়ার কারখানা মালিককে খুনের অভিযোগে দু'জনকে গ্রেফতার করল পুলিশ। ১৭ সেপ্টেম্বর খুন হন অশোক সিং (৫৩)। বৃহস্পতিবার রাতে গ্রেফতার হয় রাজ মোহান্তি ও তুষার দাস। দু'জনেরই বয়স আঠারো বছর। খুনের দিন কারখানা থেকে দু'টি মোবাইল ও একটি বাইক চুরি হয়েছিল। ধৃতদের কাছ থেকে সেগুলি উদ্ধার হয়েছে। শুক্রবার দু'জনকে আদালতে তোলা হয়। বিচারক তাদের দশদিন পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছেন। পুলিশকে ধৃতরা জানিয়েছে, তারা চুরির উদ্দেশ্যে কারখানায় ঢুকেছিল। হঠাৎ অশোক সিং জেগে উঠে সামনে চলে আসেন। সামনে পড়ে থাকা হাতুড়ি দিয়ে ওই বৃদ্ধের মাথায় আঘাত করে রাজ ও তুষার। হাওড়ার গোয়েন্দা প্রধান সুমিত কুমার জানিয়েছেন, ধৃতদের প্রথমজনের বাড়ি ওড়িশায় ও দ্বিতীয়জনের বাড়ি লিলুয়ায়। লিলুয়ার গোশালা রোডের অন্য একটি কারখানায় তারা কাজ করত। সিসি টিভির ফুটেজ দেখে অভিযুক্তদের শনাক্ত করা হয়েছে। ধৃতরা বলেছে, তারা খুনের উদ্দেশ্যে যায়নি। তারা চুরির উদ্দেশ্যে কারখানায় যায়।


**The West Bengal Central School Service Commission**
ACHARYA SADAN: 11 & 11/1, Block-EE, Salt Lake; Kolkata-700091

**NOTIFICATION**

Memo. No.859 /6602 /CSSC/ESTT/2016 Dated: 23.09.2016

Public Notice No.138/0117(6602)/CSSC/ESTT/2016 dt.16.02.2016 inviting applications for 1st SLST-2016 (for Classes IX to XII) issued by the West Bengal Central School Service Commission is hereby withdrawn and cancelled.

Persons who had applied in response to the above mentioned Public Notice and are applying for competing in 1st SLST 2016 for recruitment of Assistant Teachers in State Govt. Aided/Sponsored /Secondary/Higher Secondary Schools (separate examinations for Classes IX-X and Classes XI-XII standard) can get their fees adjusted against anyone examination observing usual process.

***For details please visit Commission's Website*** *(www.westbengalssc.com)*

sd/-
**Secretary**



**The West Bengal Central School Service Commission**
ACHARYA SADAN:
11 & 11/1, Block-EE, Salt Lake; Kolkata-700091

**NOTICE**

**1st STATE LEVEL SELECTION TEST FOR RECRUITMENT OF ASSISTANT TEACHERS-2016 IN SECONDARY/HIGHER SECONDARY SCHOOLS (IX-X and XI-XII) EXCEPT HILL REGION**

Memo. No.860 / 6602/CSSC/ESTT/2016 Dated: 23.09.2016

The West Bengal Central School Service Commission will hold 1st SLST -2016 for appointment of Assistant Teachers for Classes IX-X and Classes XI-XII in Govt. aided/sponsored Secondary/Higher Secondary Schools. The date of the said examination will be notified in due course.

Tentative number of vacancies are: **Classes - IX-X – 10233**
**Classes - XI-XII – 6296**

Fess to the tune of **Rs.250** for **General & OBC candidates** and **Rs.80/-** for **Reserved category.**

Candidates can apply only Online on Commission's website on & from **24.09.2016 (5pm)** to **03.10.2016 (5pm)** and fees may be deposited upto **07.10.2016**.

**Only trained candidates can apply.**

The detailed notice and programme will be available from 5pm on **24.09.2016** in Commission's Website i.e.www.westbengalssc.com

Sd/-
*Secretary*



শুধু ভ্রমণকাহিনি নিয়েই একটা আস্ত পুজোসংখ্যা
আজই বেরল
ভ্রমণ
শারদীয়া ১৪২৩
পাতায় পাতায় প্রখ্যাত লেখক-পর্যটকদের ভ্রমণ, অভিযান, আবিষ্কার। বিশ্বজোড়া ভ্রমণকাহিনির বিপুল সম্ভার।
এত দেশের এমন আশ্চর্য সব ভ্রমণকথা এর আগে আর কোথাও লেখা হয়নি
সঙ্গে বিনামূল্যে অমরেন্দ্র চক্রবর্তীর আলাস্কা-ভ্রমণ ১ ঘণ্টার ভিসিডি
পাতায়-পাতায় বিশ্বের জল মাটির স্পর্শ
এখনই সংগ্রহ করুন
দাম মাত্র ৯০ টাকা
ঘরে বসে অনলাইন গ্রাহক হতে ▶ www.swarnakshar.in



**GOVERNMENT OF WEST BENGAL**
**DEPARTMENT OF MUNICIPAL AFFAIRS**
**BLOCK-IV, 3RD FLOOR,**
**WRITERS' BUILDINGS,KOLKATA-700 001.**

**No. 1356/MA/O/C-3/O-4/2016 Dated, Kolkata, the 22nd September, 2016**

**Relocation Notice**

It is hereby notified that Secretariat of Municipal Affairs Department, Govt. of West Bengal is going to be shifted to **"Prashasan Bhavan, DD-I, Sector-I, Salt Lake City, Kolkata-700 064".** The office will start functioning from new address **w.e.f. 26th September, 2016**. Contact details will be available in this Deptt.' website **www.wbdma.gov.in.**

By order
Special Secretary
M.A.Deptt.

**ICA 1088(5)/2016**



PUBLIC SERVICE COMMISSION, WEST BENGAL
161A, S.P. MUKHERJEE ROAD, KOLKATA-700026

***IMPORTANT ANNOUNCEMENT***

Half-Yearly Departmental Examination of Officers of the West Bengal
Audit & Accounts Service, **December, 2016**

The above examination will be held in the Commission's Examination Halls at 161A, S. P. Mukherjee Road, Kolkata-700026 on the **20th, 21st, 22nd & 23rd December, 2016.** Officers intending to appear at the same are advised to contact the Finance (Audit) Department for transmission of their names to the Commission's office by the **25th October, 2016.**

The copies of the results of the last examination, **June, 2016** held in June, 2016 will be sent to the Finance (Audit) Department immediately after its publication.

APPLICATION-PROFORMA FOR THE EXAMINATION MAY ALSO BE OBTAINED FROM THE COMMISSION'S WEBSITE AT **http://www.pscwb.org.in**

**ICA/1086(6)/2016**



স্বনিযুক্তি প্রকল্পের সঙ্গে যুক্ত একটি সোসাইটিতে নিম্নলিখিত পদগুলিতে অস্থায়ী ভিত্তিতে ওয়াক ইন ইন্টারভিউ-এর মাধ্যমে নিয়োগ করা হবে

| ক্রমিক | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | অ্যাকাউন্ট্যান্ট | বাণিজ্যে স্নাতক | কোনো সংস্থায় অ্যাকাউন্টস্ সংক্রান্ত ২ বছর কাজ | ১টি |
| ২ | ক্যাশিয়ার | স্নাতক | | ১টি |
| ৩ | অফিস অ্যাসিস্ট্যান্ট | স্নাতক | | ২টি |
| ৪ | ডেটা এন্ট্রি অপারেটার | উচ্চমাধ্যমিক, ডি.টি.পি. তে ডিপ্লোমা | কম্পিউটারে ১ বছর | ১টি |
| ৫ | ট্রেনিং সুপারভাইজার | স্নাতক | | ৫টি |

ইন্টারভিউ-এর স্থান ঃ ৭ ও ৮ সি আই টি রোড, তৃতীয় তল, কলকাতা - ৭০০ ০১৪
তারিখ ঃ ২৬ শে অক্টোবর, ২০১৬ সময় ঃ বেলা ১১ টা
ইন্টারভিউ-এ নিম্নলিখিত সমস্ত ডকুমেন্ট অরিজিনাল আনতে হবে ঃ
- নিজস্ব তথ্য সমৃদ্ধ একটি বায়োডেটা
- বয়সের প্রমাণ হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/বার্থ সার্টিফিকেট
- শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ মার্কশিট ● অভিজ্ঞতার শংসাপত্র
- ঠিকানার প্রমাণপত্র স্বরূপ ভোটার কার্ড/আধার কার্ড ওয়াক ইন ইন্টারভিউ-এর সময় সঙ্গে করে আনতে হবে

বয়স সীমা ঃ ১লা জানুয়ারি ২০১৬ তে ১৮ থেকে ৩৫ বছর পর্যন্ত



জাপানী এনকেফেলাইটিস নিবারণ করতে এগিয়ে আসুন এবং সচেষ্ট হন
জাপানী এনকেফেলাইটিস (জেই) নিবারণযোগ্য



লক্ষণগুলি
মাথা যন্ত্রণার সঙ্গে খুব জ্বর, ঘাড় শক্ত হয়ে যাওয়া, অসাড়তা, বিভ্রান্তি, আচ্ছন্নতা, তীব্র কাঁপুনি, খিঁচুনি, বিভিন্ন অঙ্গ অসাড় হয়ে যাওয়া


উপরের লক্ষণগুলি দেখা গেলে অবিলম্বে সরকারী হাসপাতালে যোগাযোগ করুন



রোগ ছড়ানোর শূকর

নিবারণ করার উপায়
- স্থানীয় জেলাগুলিতে শিশুদের অবশ্যই রুটিন টীকাকরণের অধীনে জেই ভ্যাকসিনের ২ দাগ টীকা দিতে হবে
- বাড়ির চারিদিকে জল জমতে দেবেন না
- মশার কামড় প্রতিরোধে মশা নিবারক ব্যবহার করুন
- মানুষের বসবাসের স্থান থেকে গবাদি এবং শূকরের আশ্রয় দূরে রাখুন

ভারতবর্ষের যে জেলাগুলিতে জাপানী এনকেফেলাইটিস সীমাবদ্ধ






জীবাণুবাহক আর্ডেইড পাখী

টীকা নিশ্চিত করার মাধ্যমে জেই থেকে আপনার শিশুকে রক্ষা করুন

davp 17103/13/0005/1617

জাতীয় ভেক্টরবাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি
স্বাস্থ্য পরিষেবার ডিরেক্টরেট জেনারেল
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক
ভারত সরকার
www.nvbdcp.gov.in www.mohfw.nic.in www.pmindia.gov.in www.mygov.in